গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-২
www.ssd.gov.bd

নং-৫৮.০০.০০০০.০৯৩.১৪.০৭১.১৮-৫৩১

তারিখ : ০৫ ভাদ্র ১৪২৫ / ২০ আগস্ট ২০১৮

বিষয় : "মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণ"শীর্ষক প্রকল্পের যাচাই কমিটির সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নের নিমিত্ত প্রস্তাবিত "মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণ"শীর্ষক প্রকল্পের যাচাই কমিটির সভা গত ০৮/০৮/২০১৮ তারিখে সুরক্ষা সেবা বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে এতদসঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

২০/০৮/২০১৮

(শিরিন আখতার)
সিনিয়র সহকারী প্রধান
ফোনঃ ৯৫৬৫৫৭৫

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

(১) প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
(২) প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
(৩) অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(৪) অতিরিক্ত সচিব (মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অনুবিভাগ), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(৫) মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা।
(৬) উপপ্রধান, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি :

(১) সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(২) প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ জন্য)।
(৩) অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(৪) অফিস কপি।
(৫) মাস্টার কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষাসেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা
www.ssd.gov.bd

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের আওতায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নের জন্য প্রস্তাবিত "মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণ" শীর্ষক প্রকল্পের যাচাই কমিটির সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ফরিদ উদ্দিন আহম্মদ চৌধুরী<br>সচিব, সুরক্ষা সেবা বিভাগ |
| সভার তারিখ | : | ০৮ আগস্ট, ২০১৮ |
| সময় | : | দুপুর ৩.০০ ঘটিকা |
| স্থান | : | মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ। |

উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট-ক তে উপস্থাপন করা হলো।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপপ্রধান সভাকে অভিহিত করেন যে, "মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণ" শীর্ষক প্রকল্পটি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর হতে সম্পূর্ণ জিওবি অর্থায়নে বাস্তবায়নের প্রস্তাব করা হয়েছে। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ১৫০৯৬.৩২ লক্ষ টাকা এবং মেয়াদকাল জানুয়ারী ২০১৯ হতে ডিসেম্বর ২০২১ পর্যন্ত। প্রকল্পটি ২০১৮-২০১৯ অর্থবছরের এডিপি'তে অননুমোদিত বরাদ্দবিহীন প্রকল্প হিসেবে অন্তর্ভুক্ত আছে।

২। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মহাপরিচালক সভাকে অবহিত করেন যে, ইতোমধ্যে প্রকল্পের জন্য কেরাণীগঞ্জে জমি নির্বাচন করা হয়েছে। তিনি জানান প্রস্তাবিত প্রশিক্ষণ কেন্দ্রের জন্য তিন একর ভূমি অধিগ্রহণের পরিকল্পনা রয়েছে । সভাপতি জানান যে, প্রস্তাবিত প্রশিক্ষণ কেন্দ্রে খেলাধুলার মাঠসহ খোলামেলা পর্যাপ্ত জায়গা থাকা দরকার । প্রশিক্ষণ কেন্দ্রের কর্মকর্তা/কর্মচারীদের বাসস্থান নির্মাণের জন্য পর্যাপ্ত জায়গা এবং বাজেট থাকা প্রয়োজন। প্রশিক্ষণ কেন্দ্রের জন্য ৩ একর জমি পর্যাপ্ত নয় মর্মে সভাপতি অভিমত ব্যক্ত করেন। সভায় প্রশিক্ষণ কেন্দ্রের জন্য ন্যুনতম ৫ একর জমি অধিগ্রহণ করা যেতে পারে মর্মে তিনি অভিমত প্রকাশ করেন। এছাড়া, জমি অধিগ্রহণের সময় যতদূর সম্ভব কৃষি জমি পরিহার করা এবং সে কারণে ঢাকার বাহিরে গাজীপুর/ ভালুকা, ময়মনসিংহ এলাকায় জমি নির্বাচন করা সমীচিন হবে মর্মে তিনি মতামত দেন।

৩। আলোচনায় অংশ নিয়ে উপপ্রধান জানান যে, প্রকল্পের জন্য প্রণীত নকশায় প্রকল্পের স্থান কেরাণীগঞ্জ উল্লেখ করা হলেও ডিপিপিতে (পৃষ্ঠা-৬) পূর্বাচল উপশহরে প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের কথা বলা হয়েছে, এ ধরনের অসামঞ্জস্যতা দূর করা, প্রকল্প সমাপ্তির পর প্রশিক্ষণ কেন্দ্র চালানোর জন্য কতজন কর্মকর্তা/কর্মচারী নিয়োগ করা হবে তার বিস্তারিত তথ্য এবং বছরে রাজস্ব খাতে প্রতিবছর কত টাকার প্রয়োজন হবে তা ডিপিপিতে উল্লেখ করা, প্রকল্পের আওতায় ২টি জীপ, ৪টি মাইক্রোবাসের পরিবর্তে ২টি মাইক্রোবাস, ২টি মিনিবাস এবং ৫টি মটর সাইকেল ক্রয়ের সংস্থান রাখা, প্রকল্প শেষে প্রশিক্ষণ কেন্দ্রে নিয়োগপ্রাপ্ত অধ্যক্ষ, উপাধ্যক্ষ, ইনস্ট্রাকটর এবং অন্যান্য জনবলের আবাসন এর জন্য অবকাঠামো নির্মাণ এর প্রস্তাব রাখা, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের বিভিন্ন স্তরের কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ ম্যানুয়েল তৈরির জন্য বাজেটের সংস্থান রাখা, প্রকল্পের আওতায় ১০তলা ভীতসহ ৬ তলা পুরুষ ডরমিটরি এবং ১০ তলা ভীতসহ ৬ তলা মহিলা ডরমিটরি নির্মাণ করা প্রয়োজন। এছাড়া, তিনি

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পুরুষ/মহিলা কর্মকর্তা/কর্মচারীদের অনুপাতে ডরমিটরি নির্মাণ করা, ২৫টি ফটোকপিয়ারের পরিবর্তে ১০টি ফটোকপিয়ার রাখা, সার্ভার ক্রয়ের জন্য বাজেটের সংস্থান রাখা, ডরমিটরিতে রান্নার জন্য হাড়িঁপাতিল ও তৈজসপত্র ক্রয়ের নিমিত্ত বাজেটের সংস্থান রাখা, জনবল নির্ধারণী কমটির সুপারিশ গ্রহণ, নতুন ইকনোমিক কোড ও সাব কোড সন্নিবেশ করা, ফ্লোর প্ল্যান রিভিজিট করে সংশোধন করা এবং মুদ্রণজনিত ভুলত্রুটি দূর করার উপর গুরুত্বারোপ করেন।

৪। অতিরিক্ত সচিব (উন্নয়ন) প্রশিক্ষণ সামগ্রী ক্রয় নামে অন্যান্য ব্যয় নতুন খাত প্রদর্শন এবং সেমিনার কক্ষ রাখার বিষয়ে মতামত প্রদান করেন। প্রকল্পের উদ্দেশ্য ডাক্তার, নার্স, মসজিদের ঈমাম, শিক্ষক প্রশিক্ষণের প্রভিশন রেখে পুনর্গঠন করার বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

৫। মহাপরিচালক জানান যে, মন্ত্রণালয়, অধিদপ্তরসহ সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানের প্রতিনিধিদের সমন্বয়ে একটি টিম ভারত সফরের পরিকল্পনা করা হয়েছে। উক্ত টিম ভারতের নিরাময় কেন্দ্র সহ প্রশিক্ষণ কেন্দ্র পরিদর্শন করে আসার পর তাদের সুপারিশ মোতাবেক ডিপিপি পুনর্গঠন করার জন্য নির্দেশনা দেয়া হয়। এছাড়া, প্রকল্পটি শেষ হওয়ার সাথে সাথে যাতে রাজস্ব খাতে জনবল নিয়োগ করা যায় তার রুপ রেখা ডিপিপিতে রাখা যাতে পদসৃজনসহ অন্যান্য কাজে পরবর্তিতে সুবিধা পাওয়া যাবে।

৬। অত:পর বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

(৬.১) মন্ত্রণালয়, অধিদপ্তরসহ সংশ্লিষ্ট সকলের সমন্বয়ে গঠিত টিমের ভারতের নিরাময় কেন্দ্র সহ প্রশিক্ষণ কেন্দ্র পরিদর্শন রিপোর্টের আলোকে ডিপিপি পুনর্গঠন করা;

(৬.২) প্রস্তাবিত প্রশিক্ষণ কেন্দ্রের জন্য জায়গার পরিমাণ ৩ একর এর স্থলে ন্যুনতম ৫ একর নির্ধারণ করা এবং জমি অধিগ্রহণের সময় যতদূর সম্ভব কৃষি জমি পরিহার করা;

(৬.৩) প্রকল্প সমাপ্তির পর প্রশিক্ষণ কেন্দ্র চালানোর জন্য কতজন কর্মকর্তা/কর্মচারী নিয়োগ করা হবে তার বিস্তারিত তালিকা এবং প্রশিক্ষণ কেন্দ্র চলানোর জন্য বছরে রাজস্ব খাতে কত টাকার প্রয়োজন হবে তা ডিপিপিতে উল্লেখ করা;

(৬.৪) প্রকল্পের আওতায় ২টি জীপ, ২টি মাইক্রোবাস, ২টি মিনিবাস ১টি পিকআপ এবং ৩টি মটর সাইকেল ক্রয়ের সংস্থান রাখা,

(৬.৫) প্রশিক্ষণ কেন্দ্রের অধ্যক্ষ, উপাধ্যক্ষ, ইনস্ট্রাকটর এবং অন্যান্য সহায়ক জনবলের আবাসন এর জন্য পর্যাপ্ত অবকাঠামো নির্মাণের প্রস্তাব ডিপিপি'তে অন্তর্ভুক্ত করা;

(৬.৬) প্রকল্পের আওতায় ১০তলা ভীতসহ ৬ তলা পুরুষ ডরমিটরি এবং ১০ তলা ভীতসহ ৬ তলা মহিলা ডরমিটরি নির্মাণ না করে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পুরুষ/মহিলা কর্মকর্তা/কর্মচারীদের অনুপাতে ডরমিটরি নির্মাণ করা;

(৬.৭) ২৫টি ফটোকপিয়ারের পরিবর্তে ১৫টি ফটোকপিয়ার রাখাসহ সার্ভার এবং প্রশিক্ষণ সংক্রান্ত অন্যান্য যন্ত্রপাতি ক্রয়ের জন্য বাজেটে সংস্থান রাখা;

(৬.৮) হাড়িঁপাতিল ও তৈজসপত্র ক্রয়ের সংস্থান রাখা;

(৬.৯) জনবল নির্ধারণী কমটির সুপারিশ গ্রহণ করা;

(৬.১০) নতুন ইকনমিক ও সাব ইকনমিক কোড সংযোজন করা;

(৬.১১) ফ্লোর প্ল্যান রিভিজিট করে চহিদা মোতাবেক সংশোধন করা;

(৬.১২) সেমিনার কক্ষের প্রভিশন রাখা এবং প্রশিক্ষণ সামগ্রী ক্রয় অন্যান্য ব্যয় খাতে প্রদর্শন করা;

(৬.১৩) প্রকল্পের উদ্দেশ্য ডাক্তার, নার্স, মসজিদের ঈমাম, শিক্ষক প্রভিশন রেখে সঠিকভাবে উপস্থাপন করা;

(৬.১৪) প্রকল্পটি শেষ হওয়ার সাথে সাথে যাতে জনবল নিয়োগ করা যায় তার রুপ রেখা ডিপিপিতে থাকা;

(৬.১৫) মুদ্রণ ও হিসাব জনিত ভুলত্রুটি সংশোধন ও ফ্রন্ট সাইজ বড় করে ডিপিপি প্রণয়ন করা।

৭। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৯।৮।১৮

(ফরিদ উদ্দিন আহম্মদ চৌধুরী)
সচিব
সুরক্ষা সেবা বিভাগ।